
পূর্ণাঙ্গ প্রতিযোগিতার বাজারে স্বল্পকালে ফার্মের ভারসাম্যের জন্য দুটি শর্ত পূরণ হওয়া প্রয়োজন।

*প্রথমত*, ভারসাম্যের বিন্দুতে প্রান্তিক বিক্রয়লব্ধ আয় (MR) = প্রান্তিক ব্যয় (MC)

*দ্বিতীয়ত*, ভারসাম্যের বিন্দুতে প্রান্তিক ব্যয় রেখা প্রান্তিক বিক্রয়লব্ধ আয় রেখাকে নীচের দিক থেকে ছেদ করবে অর্থাৎ ভারসাম্যের বিন্দুতে প্রান্তিক ব্যয় রেখা ঊর্ধ্বমুখী হবে।

***প্রথম অবস্থা ঃ P > AC ঃ (ফার্মের অতিরিক্ত মুনাফার অবস্থা) ঃ***

স্বল্পকালীন অবস্থা P > AC হলে ফার্মের অতিরিক্ত মুনাফা হলেও নতুন কোনো ফার্ম শিল্পে প্রবেশ করতে পারে না। ফলে ফার্ম অতিরিক্ত মুনাফা ভোগ করে থাকে। এরূপ অবস্থায় নতুন নতুন ফার্ম শিল্পে প্রবেশ করে যোগান বৃদ্ধি এবং দাম হ্রাস করতে পারে না বলেই অতিরিক্ত মুনাফা ভোগ করা সম্ভবপর হয়।




চিত্র ঃ 10.3

এই চিত্রে দেখা যায় দাম OP হলে উৎপাদনের পরিমাণ হয় OQ। কারণ এই অবস্থায় P = MC এবং MC রেখা নীচের দিক থেকে MR রেখাকে ছেদ করে উর্ধ্বমুখী হয়। OQ পরিমাণ উৎপাদনে দাম হয় OP বা QL। কিন্তু গড় ব্যয় হয় QG। এই গড় ব্যয় দাম QL অপেক্ষা কম হয়।

এক্ষেত্রে মুনাফা ($\pi$) = মোট আয় (TR) – মোট ব্যয় ((TC)। চিত্রানুযায়ী,

$\pi = OP \cdot OQ - OP_1 \cdot OQ$

$= \square OQLP - \square OQGP_1$


$= \square P_1GLP$ — এটাই হল অতিরিক্ত মুনাফা।

সুতরাং P > AC হলে প্রতিযোগী ফার্ম অতিরিক্ত মুনাফা অর্জন করে থাকে।

**দ্বিতীয় অবস্থা ঃ $P = AC$ ঃ (ফার্মের স্বাভাবিক মুনাফার অবস্থা এবং সমাবস্থার বিন্দু) ঃ**

দাম OP অপেক্ষা কম হলে অর্থাৎ $OP_1$ হলে ফার্মটি উৎপাদনের পরিমাণ কমিয়ে $OQ_1$ করে। এই অবস্থাতেও ভারসাম্যের উভয় শর্তই পূরিত হয়। কিন্তু এই অবস্থাতে দাম গড় ব্যয়ের সমান হওয়ায় ফলে ফার্মটি কেবলমাত্র স্বাভাবিক মুনাফা টুকুই পেয়ে থাকে।

এই চিত্রে দেখা যায় দাম $OP_1$ হলে ফার্মের উৎপাদনের পরিমাণ কমিয়ে $OQ_1$ করে। এই অবস্থাতেও ভারসাম্যের উভয় শর্তই পূরিত হয়। কিন্তু এই অবস্থাতে দাম গড় ব্যয়ের সমান হওয়ার ফলে ফার্মটি কেবলমাত্র স্বাভাবিক মুনাফা টুকুই পেয়ে থাকে।




চিত্র ঃ 10.4

এই চিত্রে দেখা যায় $OP_1$ হলে ফার্মের উৎপাদনের পরিমাণ হয় $OQ_1$। এই উৎপাদনের দাম ও গড়ব্যয় পরস্পর সমান $(P = AC)$ হওয়ায় ফার্মটির কোনো অতিরিক্ত মুনাফা থাকছে না। কেবলমাত্র স্বাভাবিক মুনাফাটুকুই থাকছে। এখানে দাম হল $OP_1$ বা $Q_1L$ এবং গড় ব্যয়ও হল $Q_1L$। সুতরাং $OQ_1$ উৎপাদনে $P - AC$ হওয়ায় ফার্মটিকে কেবলমাত্র স্বাভাবিক মুনাফাটুকু পেয়েই সন্তুষ্ট থাকতে হয়। স্বাভাবিক মুনাফা হল ন্যূনতম সেই পরিমাণ মুনাফা যা না পেলে ফার্ম সেই উৎপাদন কর্মে লিপ্ত থাকে না। সুতরাং $P = AC$ হলে ফার্ম কেবলমাত্র স্বাভাবিক মুনাফাটুকুই (Normal Profit) পায়। ফার্মের $P = MC = AC$ হয় অর্থাৎ যেখানে ফার্ম কেবলমাত্র স্বাভাবিক মুনাফাটুকুই পায় তাকে সমাবস্থার স্তর বলা হয়। এই চিত্রে L বিন্দুটি হল সমাবস্থার বিন্দু (Breakeven point)।


এক্ষেত্রে মুনাফা $(\pi)$ = মোট আয় (TR) − মোট ব্যয় ((TC)। চিত্রানুযায়ী ঃ

$$\pi = \square OQ_1LP_1 - \square OQ_1LP_1 = 0$$

এটাই হল ফার্মের স্বাভাবিক মুনাফার অবস্থা এবং সমাবস্থার বিন্দু।

### তৃতীয় অবস্থা ঃ P < AC ঃ (ফার্মের ক্ষতির অবস্থা) ঃ

দাম যখন গড় ব্যয় অপেক্ষা কম হয় তখন ফার্মের ক্ষতি হয়। স্বল্পকালীন অবস্থায় ফার্ম ক্ষতি স্বীকার করেও উৎপাদন চালিয়ে যায় — যদি উৎপাদন চালিয়ে তার স্থির ব্যয়ের কিছুটাও তুলে নিতে পারে। এই বিষয়টিকে নীচের চিত্রে দেখানো হল ঃ




চিত্র ঃ 10.5

চিত্রে দেখা যায় $OP_2$ দামে উৎপাদনের পরিমাণ হয় $OQ_2$। এই দাম গড় ব্যয় অপেক্ষা কম হওয়ায় ফার্মের ক্ষতি হয়। একক প্রতি ক্ষতির পরিমাণ হয় $(Q_2L - Q_2G) = LG$।


চিত্রানুযায়ী,

$$\begin{aligned} \pi &= TR - TC \\ &= (OP_2 \times OQ_2) - (OP_1 \times OQ_2) \\ &= \square P_2OQ_2G - P_1OQ_2L \\ &= \square P_1P_2GL < O = \text{ক্ষতি} \end{aligned}$$

এটাই হল ফার্মের ক্ষতির অবস্থা যা চিত্র ($\square P_1P_2GL$) থেকে পাওয়া যায়। উৎপাদন চালালেই যদি ক্ষতির পরিমাণ ন্যূনতম হওয়ায় আশা থাকে তাহলে স্বল্পকালে ফার্ম ক্ষতি স্বীকার করেও উৎপাদন চালিয়ে যাবে।

### P = AVC [ফার্মের বন্ধকরণ স্তর (Shut down point)] ঃ

ফার্মটির দামের অবস্থা যদি এমন দাঁড়ায় যে দাম কেবলমাত্র গড় পরিবর্তনশীল ব্যয়ের সমান হয় অর্থাৎ P = AVC হয়, তাহলে উৎপাদন চালু রাখলেও ফার্মের যে ক্ষতি হয়, উৎপাদন বন্ধ করে দিলেও সেই সমান পরিমাণই ক্ষতি হয়। উৎপাদন চালিয়ে ফার্মটি কেবলমাত্র পরিবর্তনশীল ব্যয়টুকু তুলতে পারে। সমগ্র স্থির ব্যয়ের পরিমাণকে ক্ষতি হিসাবে বহন করতে হয়। এরূপ অবস্থায় ফার্মটি উৎপাদন বন্ধ করে দেবে। 10.6 নং চিত্রে এটি দেখানো হল ঃ




চিত্র ঃ 10.6

এই চিত্রে AVC রেখাটি হল গড় পরিবর্তনশীল ব্যয়রেখা। AC হল গড় ব্যয়রেখা। AC এবং AVC রেখার মধ্যবর্তী ফাঁকটুকু AFC বা গড় স্থির ব্যয় নির্দেশ করে। চিত্রে দেখা দাম $OP_4$ হলে উৎপাদন হয় $OQ_3$। এই দাম গড় পরিবর্তনশীল ব্যয়ের সমান হচ্ছে অর্থাৎ P = AVC হচ্ছে। উভয়েরই পরিমাণ $Q_3L$। কিন্তু $OQ_3$ উৎপাদনে গড় ব্যয়ের পরিমাণ হয় $Q_3G$। গড় ব্যয় দাম অপেক্ষা অধিক হওয়ায় ফার্মের ক্ষতি হয় LG পরিমাণ প্রতি একক। এই LG পরিমাণ ক্ষতি হল ফার্মের স্থির ব্যয়জনিত ক্ষতি। উৎপাদন যদি এখন ফার্ম বন্ধ করে দেয়, তাহলেও তাকে ক্ষতি বহন করতেই হবে। কারণ স্বল্পকালীন অবস্থায় উৎপাদন বন্ধ করে দিলেও ফার্মকে স্থির ব্যয় বহন করতেই হয়। সুতরাং দেখা যায় যে, এই অবস্থায় ফার্ম উৎপাদন চালিয়ে কেবলমাত্র গড় পরিবর্তনশীল ব্যয়টুকুই তুলতে পারছে এবং গড় স্থির ব্যয়ের সবটাই ক্ষতি হিসাবে বহন করতে হচ্ছে। সুতরাং ফার্মটি L বিন্দুতে উৎপাদন বন্ধ করে দেবে। সেইজন্য এই L বিন্দুটি [অর্থাৎ যেখানে P = MC = AVC (Min)] হচ্ছে ফার্মের বন্ধকরণ বিন্দু (Shut down Point)।